# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 24-10-2025** **Time: 7.35 A.M**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রোজকার মেলার ১৭ তম পর্বে ৫১ হাজার চাকরিপ্রার্থীর হাতে নিয়োগপত্র তুলে দেবেন। ডাক বিভাগ পশ্চিমবঙ্গ সার্কেলের পক্ষ থেকে কলকাতায় এই মেলার আয়োজন করা হয়েছে।

২) মুখ্য নির্বাচনী আধিকারিকদের দুদিনের সম্মেলনে নির্বাচন কমিশন বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে এসআইয়ের প্রস্তুতি দ্রুত শেষ করার নির্দেশ দিয়েছে।

৩) চুক্তি ভঙ্গের অভিযোগে রাজ্য সরকারি সংস্থা ম্যাকিনটস বার্নের বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা নিতে চলেছে নির্বাচন কমিশন।

৪) কোচবিহার জেলার নতুন পুলিশ সুপার হচ্ছেন সন্দীপ কাররা। তিনি দ্যুতিমান ভট্টাচার্যের স্থলাভিষিক্ত হলেন।

৫) জাতীয় পরিবেশ আদালতের নির্দেশ মেনে আসন্ন ছট পুজোয় কলকাতা মিউনিসিপ্যাল ডেভলপমেন্ট অথরিটি রবীন্দ্র সরোবর ও বেলেঘাটার সুভাষ সরোবর বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।

৬) দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপে একটি মন্দিরে কালী মূর্তি ভাঙার ঘটনায় ধৃত যুবককে নিজেদের হেফাজতে নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। এই ঘটনায় দুটি মামলা রুজু করা হয়েছে।

-----------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে বিভিন্ন সরকারি দপ্তর ও সংস্থায় ৫১ হাজারেরও বেশি চাকরি প্রার্থীর হাতে নিয়োগপত্র তুলে দেবেন। রোজগার মেলার এই সপ্তদশ পর্বে প্রধানমন্ত্রী বিভিন্ন দপ্তরে সদ্য নিযুক্তদের সামনে ভাষণ দেবেন।

ডাক বিভাগ পশ্চিমবঙ্গ সার্কেল আজ শিয়ালদায় বি সি রায় প্রেক্ষাগৃহে রোজগার মেলার আয়োজন করবে। মেলায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন কেন্দ্রীয় বন্দর, জাহাজ চলাচল ও জলপথ দপ্তরের প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর ও ডাক বিভাগের শীর্ষ আধিকারিক বৃন্দ।

-----------------------

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর প্রস্তুতি নিয়ে নির্বাচন কমিশনের দুদিনের মুখ্য নির্বাচনী আধিকারিকদের সম্মেলন গতকাল শেষ হয়েছে। নতুন দিল্লির 'ইন্ডিয়া- ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেক্টোরাল ম্যানেজমেন্ট'-IIIDEM-এ এই সম্মেলনের সভাপতিত্ব করেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। উপস্থিত ছিলেন নির্বাচন কমিশনার ডঃ সুখবীর সিং সান্ধু ও ডঃ বিবেক যোশী। দেশের সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের সিইওরা এই বৈঠকে অংশ নেন।

সম্মেলনে কমিশন CEO-দের তাদের নিজ নিজ রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে বিশেষ নিবিড় সংশোধন-SIR প্রক্রিয়ার প্রস্তুতি দ্রুত শেষ করার নির্দেশ দিয়েছে।

কমিশনের ঊর্ধ্বতন আধিকারিকদের উপস্থাপনার পর CEO-দের করা প্রশ্নেরও বিস্তারিত ব্যাখ্যা দেওয়া হয়েছে। কমিশন বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে শেষ SIR -এর ভিত্তিতে বর্তমান ভোটারদের তথ্য মিলিয়ে দেখার জন্য পূর্বে জারি করা নির্দেশাবলীর অগ্রগতি পর্যালোচনা করেছে।

পাশাপাশি আসাম, তামিলনাড়ু, পুদুচেরি, কেরল ও পশ্চিমবঙ্গ—এই পাঁচটি নির্বাচনমুখী রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের CEO-দের সঙ্গে পৃথকভাবে আলোচনা করেছে কমিশন। সম্মেলনে সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল তাদের সর্বশেষ সম্পন্ন SIR-এর তথ্য, যোগ্যতার তারিখ এবং বর্তমান ভোটার তালিকার পরিসংখ্যান বিস্তারিতভাবে উপস্থাপন করে।

কমিশন সূত্রে জানা গেছে, SIR প্রস্তুতির এই চূড়ান্ত পর্বে ভোটার তালিকার ত্রুটিহীনতা, অন্তর্ভুক্তি ও স্বচ্ছতা বজায় রাখতে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে, যাতে আগামী নির্বাচনে প্রতিটি যোগ্য নাগরিকের নাম ভোটার তালিকায় সুনিশ্চিত থাকে।

------------------------

রাজ্য বিজেপি সভাপতি তথা রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য বলেছেন, রাজ্যে এসআইআর নিয়ে বিরোধিতা হলে তার প্রতিবাদ হবেই। সংশোধিত নাগরিকত্ব আইন - সিএএ প্রসঙ্গে মন্তব্য করতে গিয়ে শমীক বাবু বলেন, পাপের প্রায়শ্চিত্ত বিজেপি করেছে। কোভিডের কারণে আইন প্রণয়ন করতে দেরী হয়েছে। তবে এখন তা দ্রুত চালু করতে হবে। মানুষ যাতে নাগরিকত্ব পান, সেদিকে দৃষ্টি দেওয়া প্রয়োজন।

বাইট

পরে অন্য একটি প্রশ্নের উত্তরে তিনি বলেন, পশ্চিমবঙ্গ দুষ্কৃতীদের স্বর্গরাজ্য হয়ে উঠেছে। দুষ্কৃতীরা মনে করে এই সরকার তাদের। পুলিশের ওপর তাদের কোনো ভয় নেই বলে তিনি মন্তব্য করেন।

------------------------

নির্বাচন কমিশন  চুক্তিভঙ্গের অভিযোগে রাজ্য সরকারি সংস্থা ম্যাকিনটোস বার্ণের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে চলেছে। চুক্তি বদ্ধ হওয়ার পরেও রাজ্য  পূর্ত দফতরের অধীনস্থ ওই সংস্থা বুথ পরিকাঠামো সমীক্ষা ও উন্নয়নের কাজ করতে রাজি না হওয়ায় ওই সরকারি সংস্থাকে সতর্কতামূলক চিঠি পাঠিয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর। ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী (এসআইআর) প্রক্রিয়ার প্রস্তুতি যখন চূড়ান্ত পর্যায়ে, তখনই এই সংস্থা কাজ থেকে পিছিয়ে আসে। কমিশনের নির্দেশে রাজ্য সিইও দপ্তর সংস্থাটিকে প্রশ্ন করেছে, কেন তাদের কালো তালিকাভুক্ত করা হবে না কিংবা আইনি ব্যবস্থা নেওয়া হবে না। তার জবাব দিতে হবে নির্দিষ্ট সময়সীমার মধ্যে।

------------------------

কলকাতার SSKM হাসপাতালে এক নাবালিকাকে শ্লীলতাহানির অভিযোগে ধৃত অমিত মল্লিককে গতকাল আলিপুরে বিশেষ আদালতে তোলা হলে, একদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়। আজ ফের তাকে আদালতে হাজির করা হবে। ভবানীপুর থানায় তার বিরুদ্ধে পক্সো আইনে মামলা দায়ের করা হয়েছে। পুলিশ জানিয়েছে, SSKM-এর প্রাক্তন অস্থায়ী কর্মী হওয়ার সুবাদে হাসপাতালে অমিতের অবাধ যাতায়েত ছিল।

এই প্রসঙ্গে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, ধৃত ব্যক্তি SSKM-এর বহিষ্কৃত কর্মী।

বাইট সুকান্ত

এই ঘটনায় কড়া ব্যবস্থা নেওয়া, হাসপাতালে দুর্নীতি ও দুষ্কৃতীরাজের অবসান ঘটানোর দাবী জানিয়ে SSKM হাসপাতালের সামনে DYFI গতকাল বিক্ষোভ দেখায়।

-----------------------

হাওড়ার উলুবেড়িয়ায় শরৎচন্দ্র চট্টোপাধ্যায় গভর্মেন্ট মেডিকেল কলেজ হাসপাতালে কর্তব্যরত মহিলা জুনিয়ার চিকিৎসককে নিগ্রহের প্রতিবাদে আজ প্রতীকী পেন ডাউনের সিদ্ধান্ত নিয়েছেন সিনিয়ার রেসিডেন্ট ডাক্তাররা। সকাল ৯ টা থেকে দুপুর ২ টো পর্যন্ত এই কর্মসূচী চলার কথা।

উল্লেখ্য, এই নিগ্রহের ঘটনায় ধৃত শেখ সম্রাট সহ তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। এর আগে ধৃত মূল অভিযুক্ত অস্থায়ী হোমগার্ড শেখ বাবুলাল এবং অপর অভিযুক্ত শেখ হাসিবুলকে তিনদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়। হাসপাতালের সিসিটিভি ফুটেজ দেখেই এই তিনজনকে ধরা হয়। বাকিদের খোঁজে তল্লাশি চলছে।

ইতোমধ্যে অস্থায়ী হোমগার্ডের পদ থেকে বাবুলালকে সরিয়ে দেওয়া হয়েছে বলে জানা গেছে। হাসপাতালের নিরাপত্তার দায়িত্বে থাকা বেসরকারি সংস্থাকে ‘শোকজ’ করা হয়েছে বলেও সূত্রের খবর।

-----------------------

পূর্ব বর্ধমানের আউশগ্রাম থানার পুলিশ শ্লীলতাহানির অভিযোগে কেনারাম দাস বৈরাগ্য নামে এক তৃণমূল কংগ্রেস নেতাকে গ্রেপ্তার করেছে। ধৃতকে গতকাল বর্ধমান আদালতে পেশ করা হলে বিচারক তার জামিন মঞ্জুর করে।

পুলিশ সূত্রে জানা গেছে, বুধবার সন্ধ্যায় ধৃত ব্যক্তি এক মহিলাকে রাস্তায় একা পেয়ে তার হাত ধরে ফাঁকা জায়গায় টেনে নিয়ে যাওয়ার চেষ্টা করে। মহিলার চীৎকার চেঁচামেচিতে লোকজন ছুটে যায়। সেইসময় অভিযুক্ত পালিয়ে যাওয়ার চেষ্টা করলে গ্রামবাসীরা তাকে ধরে পুলিশের হাতে তুলে দেয়।

-----------------------

কোচবিহার জেলার নতুন পুলিশ সুপার হচ্ছেন সন্দীপ কাররা। তিনি দ্যুতিমান ভট্টাচার্যের স্থলাভিষিক্ত হলেন। রাজ্য সরকার এক বিজ্ঞপ্তি জারি করে একথা জানিয়েছে। দ্যুতিমান ভট্টাচার্যকে ব্যারাকপুরের বিশেষ সশস্ত্র বাহিনী থার্ড ব্যাটালিয়ানের কমান্ড্যান্ট পদে পাঠানো হয়েছে।

উল্লেখ্য, কালিপুজোর রাতে তার বাংলোর পাশে বাজি পোড়ানোয় মহিলা ও নাবালকদের মারধরের অভিযোগে এই বদলি বলে রাজনৈতিক মহল মনে করছে।

-----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬ শে অক্টোবর রবিরার আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

**নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।**

-----------------------

জাতীয় পরিবেশ আদালতের নির্দেশ মেনে আসন্ন ছট পুজোয় কলকাতা মিউনিসিপ্যাল ডেভলপমেন্ট অথরিটি রবীন্দ্র সরোবর ও বেলেঘাটার সুভাষ সরোবর বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। দুই সরোবরের নিরাপত্তায় কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার পদমর্যাদার দুজন আধিকারিকের নেতৃত্বে প্রায় তিনশো জন পুলিশ কর্মীকে মোতায়েন রাখা হবে বলে লালবাজার সূত্রে জানা গিয়েছে।

অন্যদিকে সাধারন মানুষের যেন কোন অসুবিধা না হয় তার জন্য কলকাতায় ৩৯টি অস্থায়ী ঘাট তৈরি করা হচ্ছে। পুজো শেষ হতেই পাঁচ ঘন্টার মধ্যে কে এম ডি এ র তরফে ঘাটগুলিকে পরিষ্কার করার নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য আগামী সোমবার রাজ্যে ছট পুজো উদযাপন করা হবে।

-----------------------

ছট পুজো উপলক্ষে অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে পূর্ব রেল আজ শিয়ালদা ও বিহারের জয়নগরের মধ্যে অসংরক্ষিত বিশেষ ট্রেন চালাবে। পূর্ব রেলের দায়িত্বপ্রাপ্ত মুখ্য জনসংযোগ আধিকারিক দীপ্তিময় দত্ত জানিয়েছেন, শিয়ালদা স্টেশন থেকে ট্রেনটি বিকেল ৫ টায় ছাড়বে।

-----------------------

দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপের সূর্যনগর গ্রাম পঞ্চায়েতের নস্করপাড়ায় একটি মন্দিরে কালী মূর্তি ভাঙার ঘটনায় পুলিশ গতকাল একজনকে গ্রেপ্তার করে। ধৃত যুবককে কাকদ্বীপ মহকুমা আদালতে পেশ করার পর নিজেদের হেফাজতে নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। এই ঘটনায় দুটি মামলা রুজু করা হয়েছে।

উল্লেখ্য, ঐ অঞ্চলে বিগ্রহের ভাঙচুরের অভিযোগে গত বুধবার এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়ায়। গ্রামবাসীদের অভিযোগ, রাতের অন্ধকারে কেউ বা কারা বিগ্রহ ভাঙচুর করে চলে যায়। খবর পেয়ে হারুডপয়েন্ট কোস্টাল থানার পুলিশ ঘটনাস্থলে গেলে গ্রামবাসীরা ক্ষোভে ফেটে পড়েন এবং দোষীদের গ্রেফতারের দাবিতে ১১৭ নম্বর জাতীয় সড়ক অবরোধ করেন। পরে বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে গিয়ে অবরোধকারীদের সরিয়ে দেয় এবং বিগ্রহটিকে প্রিজন ভ্যানে করে তুলে নিয়ে যায়। এলাকায় বিশাল পুলিশ বাহিনী মোতায়েন রয়েছে।

এই ঘটনার প্রতিবাদে পুরুলিয়া শহরের সদর থানার সামনে হিন্দু সচেতনতা মঞ্চ নামে একটি সংগঠন বিক্ষোভ দেখায়।

শিলিগুড়ির সফদর হাসমিচকে মশাল মিছিল ও মানব বন্ধনের আয়োজন করে বঙ্গীয় হিন্দু মহামঞ্চ।

------------------------

উত্তর ২৪ পরগণার স্বরূপনগর থানার অন্তর্গত বর্ডার আউটপোস্ট বিঠারির কাছে এক নাবালক ভারতীয় নাগরিককে বিএসএফ আটক করে। তার কাছ থেকে ১১ টি সোনার বিস্কুট উদ্ধার করা হয়েছে, যার মূল্য এক কোটি ৬৪ লক্ষ টাকা। গত বুধবার ঐ

নাবালককে সোনা পাচারের চেষ্টা করতে দেখে ১৪৩ নম্বর বাহিনীর জওয়ানরা তার পিছু ধাওয়া করে ছেলেটিকে আটক করে।

-----------------------

নানা সচেতনতা মূলক প্রচার কর্মসূচির মধ্য দিয়ে আজ বিশ্ব পোলিও নিবারণ দিবস পালিত হচ্ছে। দিনটি চিকিৎসা গবেষক জোনাস সাল্ক এর জন্মবার্ষিকী স্মরণে পালিত হয়ে থাকে।

উল্লেখ্য, প্রথম সফল পোলিও টিকা তৈরি করেছিলেন জোনাস সাল্ক। তাঁর জন্মবার্ষিকীতে রোটারি ইন্টারন্যাশনালের পক্ষ থেকে ১৯৮৫ সালে ২৪ শে অক্টোবর বিশ্ব পোলিও দিবস পালন শুরু করা হয়। পোলিও মুক্ত বিশ্ব গড়ে তোলার লক্ষ্যে মানুষকে সচেতন করা ও মানুষের সহযোগিতা কামনা করাই দিনটি উদযাপনের মূল লক্ষ্য।

----------------------- -----------------------